

আল-মুলক | Al-Mulk | الْمُلْكُ

আয়াতঃ ৬৭ : ২৬

আরবি মূল আয়াত:

قُلْ إِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللَّهِ وَإِنَّمَا أَنَا نَذِيرٌ مُّبِينٌ ﴿٢٦﴾

অনুবাদসমূহ:

বল, ‘এ বিষয়ের জ্ঞান আল্লাহরই নিকট। আর আমি তো স্পষ্ট সতর্ককারী মাত্র’। — আল-বায়ান

বল, ‘সে জ্ঞান তো কেবল আল্লাহর কাছেই আছে, আমি শুধু একজন স্পষ্ট সতর্ককারী। — তাইসিরুল

বলঃ এর জ্ঞান শুধু আল্লাহরই নিকট আছে, আমি তো স্পষ্ট সতর্ককারী মাত্র। — মুজিবুর রহমান

Say, "The knowledge is only with Allah, and I am only a clear warner." — Sahih International

২৬. বলুন, এর জ্ঞান শুধু আল্লাহরই কাছে আছে, আর আমি তো স্পষ্ট সতর্ককারী মাত্র।

তাফসীরে জাকারিয়া

(২৬) তুমি বল, ‘এর জ্ঞান শুধু আল্লাহরই নিকট আছে; [1] আর আমি তো স্পষ্ট সতর্ককারী মাত্র।’ [2]

[1] তিনি ব্যতীত তা কেউ জানে না। অন্যত্র তিনি বলেন, (لَا أَعْرَافُ: {قُلْ إِنَّمَا عِلْمُهَا عِنْدَ رَبِّي}) “তুমি বলে দাও, এর খবর তো আমার পালনকর্তার কাছেই রয়েছে।” (সূরা আরাফ ১৮৭ আয়াত)

[2] অর্থাৎ, আমার কাজ হল সেই (মন্দ) পরিণাম থেকে তোমাদেরকে সতর্ক করা, যা আমাকে মিথ্যা ভাবার কারণে তোমরা প্রাপ্ত হবে। ভিন্ন কথায়, আমার কাজ তো ভীতি প্রদর্শন করা, অদৃশ্যের খবর বলা নয়। তবে যে ব্যাপারে আল্লাহ নিজে থেকেই আমাকে বলে দেন (তার কথা ভিন্ন)।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5267>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন